

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নয়া ইন্সটিটিউট 'মিস্ট'

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

মিলিটারি ইন্সটিটিউট অফ সায়েন্স এন্ড টেকনোলজি (মিস্ট) নামে একটি নতুন ইন্সটিটিউট চালু হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে। ইন্সটিটিউটটি স্থাপন করা হয়েছে ঢাকা ক্যান্টনমেন্ট এলাকায় এবং শতকরা ৫০ ভাগ আসনও সেনাবাহিনীর জন্য বরাদ্দ থাকবে।

এই বিভাগে পুরকৌশল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও সিগন্যাল- এই ৪টি বিষয় পড়ানো হবে। ৪ বছর মেয়াদি এ কোর্সের ছাত্র ভর্তি প্রক্রিয়া শুরু হবে আগামী ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষ হতে।

প্রতিবছর ১শ' ছাত্রছাত্রী ভর্তি করার চিন্তাভাবনা রয়েছে। প্রথমে এই ইন্সটিটিউটকে সেনাবাহিনীর একটি স্বায়ত্তশাসিত ইন্সটিটিউট হিসেবে চালানোর চিন্তাভাবনা ছিল। পরে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাথে যোগাযোগ করা হয়। কিন্তু বুয়েট কর্তৃপক্ষ বুয়েটের অধীনে এ ধরনের কোন ইন্সটিটিউট চালু করতে রাজি না হলে যোগাযোগ করা হয় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে। সে অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই ইন্সটিটিউট তাদের অধীনে চালু করতে রাজি হন। এর ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউটসংখ্যা দাঁড়াবে এখন নয়টিতে।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরী জানান, এই ইন্সটিটিউটের শতকরা ৫০ ভাগ আসন বরাদ্দ থাকবে সেনাবাহিনীর জন্য আর বাকি ৫০ ভাগ সাধারণ ছাত্রছাত্রীদের। শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও একই পদ্ধতি থাকবে।

আইএসএসবি পাস করে সেনা কোর্সে এবং সাধারণ ছাত্রছাত্রীরা এইচএসসি পাস করে এখানে ভর্তির আবেদন করতে পারবে।